# বারিধারা ডিওএইচএস পরিষদ
# ঢাকা সেনানিবাস
# নির্বাহী কমিটির ১ম সভার কার্যবিবরণী

১। বারিধারা ডিওএইচএস পরিষদের কার্যনির্বাহী কমিটির ১ম সভা ২৭ সেপ্টেম্বর ২০২৫ ইং তারিখ সকাল ১০.৩০ ঘটিকায় পরিষদের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন পরিষদের প্রেসিডেন্ট কর্নেল এম আব্দুল হাই (অবঃ)। সভায় নিম্নেবর্ণিত সদস্যগন উপস্থিত ছিলেন ঃ

| | | |
|---|---|---|
| ক। | কর্নেল এম আব্দুল হাই (অবঃ) | - প্রেসিডেন্ট |
| খ। | ব্রিগেঃ জেনাঃ এম নজীব হাসান, এনডিসি, পিএসসি, জি (অবঃ) | - সিনিঃ ভাইস প্রেসিডেন্ট |
| গ। | কর্নেল মোহাম্মদ ওয়ালী উল্লাহ (অবঃ) | - ভাইস প্রেসিডেন্ট |
| ঘ। | ব্রিগেঃ জেনাঃ শাহ মোঃ মহিউদ্দিন (অঃ) | - সেক্রেটারী |
| ঙ। | কর্নেল প্রফেসর মোঃ মোশাররফ হোসেন (অবঃ) | - জয়েন্ট সেক্রেটারী |
| চ। | গ্রুপ ক্যাপ্টেন এস এম এ খালেদ, এনডিইউ, পিএসসি (অবঃ) | - ট্রেজারার |
| ছ। | মেজর জাফরউল্লাহ খান (অবঃ) | - জয়েন্ট ট্রেজারার |
| জ। | লেঃ কর্নেল মোঃ আব্দুর রব (অঃ) | - মেম্বার সিকিউরিটি |
| ঝ। | ক্যাপ্টেন এম এম আজিজ, পিএসসি, বিএন (অবঃ) | - মেম্বার এ্যাডমিন |
| ঞ। | ডাঃ পারভীন হক চৌধুরী | - সদস্য |
| ট। | এয়ার কমডোর এসএমজি ইয়াজদানী, পিএসসি, পিএইচডি (অবঃ) | - সদস্য |
| ঠ। | মিসেস পারভীন যোবায়দা | - সদস্য |
| ড। | গ্রুপ ক্যাপ্টেন এম রফিকুল হক, পিএসসি (অবঃ) | - সদস্য |
| ঢ। | ক্যাপ্টেন এম ওমর ফারুক (জি), পিএসসি, বিএন (অবঃ) | - সদস্য |
| ণ। | লেঃ কর্নেল আব্দুন নুর খান (অবঃ) | - সদস্য |
| থ। | মিসেস সাবরিনা মফিজ | - সদস্য |

২। সভার জন্য প্রয়োজনীয় কোরাম উপস্থিত থাকায়, সভাপতির অনুমতিক্রমে সভা শুরু করা হয়। সভার আলোচ্য সূচি ও সিদ্ধান্ত নিম্নরূপ ঃ

| আলোচ্যসূচি ও সিদ্ধান্ত | কার্যক্রম |
|---|---|
| <u>আলোচ্যসূচি- ০১ ঃ</u> **পবিত্র কোরআন থেকে অনুবাদসহ তেলাওয়াত**<br><br>বারিধারা ডিওএইচএস জামে মসজিদের মুয়াজ্জিন হাফেজ মাওলানা মোঃ আলী উসমান পবিত্র কোরআনের কয়েকটি আয়াত তেলাওয়াত ও তরজমা করেন। তিনি মহান আল্লাহ্‌র নিকট বারিধারা ডিওএইচএস পরিষদ ইসি সদস্যদের সু-স্বাস্থ্য ও সুন্দর জীবন কামনা করেন। তারপর অত্যন্ত বিনয়ের সাথে নিম্নে উল্লেখিত এবং যারা এ যাবৎ কাল পর্যন্ত আমাদের মাঝ থেকে চিরবিদায় নিয়েছেন তাদেরকে স্বরণ করে এবং সর্বশক্তিমান মহান আল্লাহ তা'য়ালার নিকট সকলের রুহের মাগফেরাত কামনা ও শান্তির জন্য দোয়া করেন।<br><br>• বীর মুক্তিযোদ্ধা লেঃ কর্নেল এম এ মালেক ভূইয়া, এএসসি - মৃত্যু ঃ ২৪ সেপ্টেম্বর ২০২৫<br>• মিসেস আমেনা খাতুন, ইঞ্জিঃ মোঃ মাজহার ইকবাল ও লেঃ কর্নেল মোঃ জাফর ইকবার এর মা। মৃত্যু ঃ ০৬ সেপ্টেম্বর ২০২৫। | সেক্রেটারী |

| | |
|---|---|
| | |
| **আলোচ্যসূচি- ০২ ঃ প্রেসিডেন্ট এর উদ্বোধনী বক্তব্য ঃ**<br><br>উদ্বোধনী ভাষনে প্রেসিডেন্ট একজিকিউটিভ কমিটির ১ম সভায় সকল সদস্যগন স্বতঃস্ফুর্তভাবে অংশ গ্রহণ করায় স্বাগত জানিয়ে এবং ধন্যবাদ জ্ঞাপন করে সভার কার্যক্রম শুরু করেন। প্রেসিডেন্ট বলেন বাসিন্দা এবং সদস্যদের একটি ম্যান্ডেট আছে। সকল গঠনমূলক সমালোচনাকে তিনি স্বাগত জানান। তিনি সকলকে অফিসিয়াল ফেসবুক গ্রুপের সদস্য হওয়ার জন্য অনুরোধ করেন। | সকল ইসি সদস্যবৃন্দ |
| **আলোচ্যসূচি- ০৩ ঃ নির্বাহী কমিটির বিশেষ ইসি সভার কার্যবিবরণী অনুমোদন।**<br><br>পরিষদ নির্বাহী কমিটির সেক্রেটারী মহোদয় বিশেষ ইসি সভার কার্যবিবরণী অনুমোদনের জন্য উপস্থাপন করেন। সেক্রেটারী অবহিত করেন যে তিনি গত ১০ সেপ্টেম্বর ২০২৫ তারিখে কিউএমজি মহোদয়ের আমন্ত্রণে সেনাসদরে অনুষ্ঠিত মতবিনিময় সভায় পরিষদ নির্বাহী কমিটির বিশেষ সভার আলোচিত পয়েন্টসমূহের উপর আলোকপাত করেন এবং প্রতিটি প্রস্তাবের উপর গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি সম্পর্কে উপস্থিত সকল সদস্যদের জ্ঞাত করেন। বিস্তারিত আলোচনা শেষে উক্ত কার্যবিবরণী অনুমোদনের জন্য কর্নেল মোহাম্মদ ওয়ালী উল্লাহ (অবঃ), ভাইস প্রেসিডেন্ট প্রস্তাব করেন এবং ক্যাপ্টেন এম ওমর ফারুক (জি), পিএসসি, বিএন (অবঃ), ইসি সদস্য সমর্থন করেন। কার্যবিবরনী সভায় অনুমোদিত হলো। | সকল ইসি<br><br>সদস্যবৃন্দ |
| **আলোচ্যসূচি- ০৪ ঃ মসজিদ ম্যানেজমেন্ট এবং আইটি এন্ড কমিউনিকেশন সাব-কমিটিতে সদস্য অন্তর্ভূক্ত সম্পর্কে অবহিত করণ।**<br><br>**সিদ্ধান্ত ঃ** মসজিদ ম্যানেজমেন্ট সাব-কমিটিতে কো-অপ্ট সদস্য হিসাবে হাফেজ মাওলানা মোহাম্মদ খান, বাড়ী # ২২৫, রোড # ০৩, বারিধারা ডিওএইচএস কে এবং আইটি এন্ড কমিউনিকেশন সাব-কমিটির কো-অপ্ট সদস্য হিসাবে জনাব সাইফ উদ্দিন (অপু), বাড়ী # ৩৪৬, রোড # ০৫, বারিধারা ডিওএইচএস কে অন্তর্ভুক্ত করার বিষয়টি ইসির সর্ব সম্মতিক্রমে গৃহীত হয়। | কনভেনার, মসজিদ ম্যানেজমেন্ট এবং আইটি এন্ড কমিউনিকেশন সাব-কমিটি |
| **আলোচ্যসূচি- ০৫ ঃ অনেক সিভিল (বেসামরিক) ভোটার/সদস্য অনুরোধ করেন যে, সিএসডি'তে তারাও যেন ডিওএইচএস এর মেম্বার হিসেবে ডিসকাউন্ট কার্ড পাওয়ার মাধ্যমে সম্মান লাভ করতে পারে। এখন তাদের কোন সিএসডি কার্ড না থাকায় মাঝে মধ্যে সামরিক লাইন হতে তাদের সরিয়ে সাধারণ লাইনে যেতে বলা হয়, যা প্রায়শই: তর্ক/বিতর্ক সৃষ্টি করে সিএসডি'র পরিবেশ নষ্ট করে। তাদের অনুরোধ, ভোটের ভ্যালু যেহেতু সমান তখন এতটুকু সম্মান তাদের দেয়া যায় কিনা?**<br><br>**ভিপি এর মন্তব্য ঃ** তিনি বেসামরিক বাসিন্দাদের ভিন্ন রং এর কার্ড দেয়ার ব্যাপারে মতামত প্রদান করেন, যা দিয়ে ৫% ডিসকাউন্ট বা কিছু কম/বেশী সুবিধা পেতে পারে। বিষয়টি ইসি সভায় অনুমোদিত হলে এ ব্যাপারে কিউএমজি শাখায় পত্র লেখা যেতে পারে।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিষয়টি নিয়ে ১০ সেপ্টেম্বর ২০২৫ তারিখে কিউএমজি মহোদয়ের আমন্ত্রণে সেনাসদরে অনুষ্ঠিত মতবিনিময় সভায় আলোচনা করা হয়। সিএসডি সামরিক বাহিনীর সুযোগ সুবিধার জন্য করা হয়েছে বিধায় বেসামরিক জনসাধারণকে ডিসকাউন্টে আনার কোন সুযোগ নাই মর্মে অবহিত করা হয়। সুতরাং এই বিষয়টি গৃহীত হয়নি। | ভাইস প্রেসিডেন্ট |
| **আলোচ্যসূচি- ০৬ ঃ অত্র ডিওএইচএস এলাকার ১ নম্বর রোড (পূর্ব), ১২১ নম্বর বাড়ীর সামনের রাস্তা অত্যন্ত ঢালু হওয়ায় দ্রুতগতিতে রিক্সা চলাচলের সময় প্রায়ই দুর্ঘটনা ঘটে থাকে। উক্ত দুর্ঘটনা রোধ কল্পে উক্ত স্থানে মধ্যম সাইজের ১টি স্পিড ব্রেকার স্থাপনের জন্য ক্যান্টনমেন্ট বোর্ডে চিঠি লেখা যেতে পারে।**<br><br>**সিদ্ধান্ত ঃ** পরিষদের নিজস্ব ব্যবস্থাপনায় ১টি স্পিড ব্রেকার স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | মেম্বার এ্যাডমিন |

| | |
|---|---|
| **<u>আলোচ্যসূচি- ০৭ ঃ</u> মসজিদের নীচতলার জন্য ৪টি ৫ টনের এসি ক্রয় প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।**<br><br>**<u>সিদ্ধান্ত ঃ</u>** বারিধারা ডিওএইচএস জামে মসজিদের নীচতলার জন্য ৪টি ৫ টনের এসি ক্রয়ের বিষয়টি ইসির সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। তবে ক্রয়কৃত এসির ব্র্যান্ড বর্তমানে চালুকৃত ব্যান্ডের হতে হবে এবং মসজিদের কাঠামোগত নকশার যেন কোন ক্ষতি সাধিত না হয় তা নিশ্চিত করতে হবে। | কনভেনার, মসজিদ ম্যানেজমেন্ট এবং পারচেজ সাব-কমিটি |
| **<u>আলোচ্যসূচি- ০৮ ঃ</u> বেতন ও ভাতা সমন্বয় করণ- মাইক্রো ড্রাইভার।**<br><br>**<u>সিদ্ধান্ত ঃ</u>** ২০২২ সালে ১০% ও ২০২৩ সালে ৫% বেতনভাতা বৃদ্ধি পেয়ে যে স্কেল হয় সে অনুযায়ী মাইক্রো ড্রাইভারকে নিয়োগ না দিয়ে পূর্বের স্কেল অনুযায়ী বেতভাতা নির্ধারণ করা হয়েছিল। যার পরিপ্রেক্ষিতে এ্যাম্বুলেন্স ড্রাইভারের চেয়ে মাইক্রো ড্রাইভার বেতনভাতা কম পাচ্ছে। মাইক্রো ড্রাইভারের আবেদনের আলোকে এ্যাম্বুলেন্স ড্রাইভারের সাথে মাইক্রো ড্রাইভারের বেতন ও ভাতা সমন্বয় করার আলোচনা করা হয় এবং উক্ত ১৫% যোগ করে তার বেতনভাতা ২১,৩৯৪/- নির্ধারণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সেক্রেটারী ও ট্রেজারার |
| **<u>আলোচ্যসূচি- ১০ ঃ</u> সিকিউরিটি এন্ড ট্রাফিক ম্যানেজমেন্ট সাব-কমিটির সভার কার্যবিবরনী নিয়ে আলোচনা।**<br><br>**<u>সিদ্ধান্ত ঃ</u>** সিকিউরিটি এন্ড ট্রাফিক ম্যানেজমেন্ট সাব-কমিটির সভার কার্যবিবরনী নিয়ে আলোচনা হয়। কার্যবিবরণীর আলোচ্যসূচি অনুযায়ী ইতিমধ্যে অনেক কার্যক্রম গ্রহণ করা হয়েছে এবং পর্যায়ক্রমে ব্যবস্থা নেয়া হবে। ক্যান্টনমেন্টের এ-১, এ-২, এ-৩, এ-৪ স্টিকার ও অত্র ডিওএইচএস এর স্টিকারযুক্ত গাড়ী প্রবেশে সিকিউরিটি গার্ড কোন বাধা প্রদান করবে না। স্টিকার বিহীন গাড়ী ও মোটর সাইকেল প্রবেশ নিয়ে মারামারির মতো ঘটনা ঘটানো যাবে না এবং গার্ড কোন ধরণের মন্তব্য করবে না। তবে এ ব্যাপারে কঠোরতা অবলম্বন করতে হবে। অন্যান্য ডিওএইচএস এর স্টিকার সম্বলিত বেসামরিক বাসিন্দাদের গাড়ী প্রবেশ এবং অনন্যা গেট দিয়ে নির্গমনে বাধা দেয়া হবে। | মেম্বার সিকিউরিটি |
| **<u>আলোচ্যসূচি- ১১ ঃ</u> পরিষদের পূর্বের পাওনা ৩৫,০০০/- টাকা মওকুফ করণ নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।**<br><br>**<u>সিদ্ধান্ত</u>** ঃ রিক্সা ঠিকাদার মোঃ মাসুদ রানা (নয়ন) ২০২৪ সালের পরিষদের পাওনা পরিশোধ না করে নতুন দরপত্রে অংশগ্রহন করেন এবং ঠিকাদারী নেন। পরিষদ বিষয়টি অবগত হলে উক্ত বকেয়া পরিশোধের জন্য বলা হলে তা মওকুফের জন্য আবেদন করেন। আলোচনান্তে সিদ্ধান্ত হয় যে, রিক্সা ঠিকাদার মোঃ মাসুদ রানা (নয়ন) কে উক্ত টাকা ৩৫,০০০/- কিস্তিতে পরিশোধ করতে হবে ব্যর্থতায় তার ঠিকাদারী বাতিল করা হবে। | ট্রেজারার |
| <u>আলোচ্যসূচি- ১২ ঃ</u> **Praying for a space at DOHS Baridhara area to establish a shop for my survivability. (Maj Md Masudur Rashid (Retd), House# 447/A, Road# 07).**<br><br>**<u>সিদ্ধান্ত ঃ</u>** মেজর মোঃ মাসুদুর রশিদ (অবঃ) এর আবেদনটি ইসি'র সদস্যগন সহানুভূতির সাথে বিবেচনায় নিয়ে বিস্তারিতভাবে আলোচনা হয়। আলোচনা শেষে বিষয়টি অনুমোদন না দেয়ার পক্ষে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত নেয়া হয়। | সেক্রেটারী |
| **<u>আলোচ্যসূচি- ১৩ ঃ</u> বেতন ভাতা স্কেল বৃদ্ধি - অফিস সহায়ক ঃ** বর্তমানে অফিস সহায়কদের বেতন ভাতা স্কেল সিকিউরিটি গার্ডদের সমান। এমতাবস্থায়, কাজের গুরুত্ব ও পদবীর কথা বিবেচনা করে প্রতিজনের মাসিক কমপক্ষে ২,০০০/- (দুই হাজার) টাকা বেতন ভাতা বৃদ্ধি করার প্রস্তাব করা হয়।<br><br>**<u>সিদ্ধান্ত ঃ</u>** ইসি সদস্যগন বিস্তারিত আলোচনা শেষে অফিস সহায়ক প্রত্যেকের বেতন ২,০০০/-টাকা বৃদ্ধি করার সিদ্ধান্ত গৃহীত হয়। তবে এই টাকা মূল বেতনের সাথে যোগ না হয়ে বিশেষ ভাতা/অতিরিক্ত পারিশ্রমিক হিসেবে গন্য করা হবে। | সেক্রেটারী |

| | |
|---|---|
| **আলোচ্যসূচি- ১৪ ঃ বিবিধ ঃ আর কোন আলোচ্যসূচি না থাকায় প্রেসিডেন্ট কর্নেল এম আব্দুল হাই (অবসরপ্রাপ্ত) বিশেষ আলোচনার জন্য কোরাম উম্মুক্ত ঘোষনা করেন।**<br><br>১. **বারিধারা ডিওএইচএস মেইন রোডে হর্ন বাজানো নিয়ন্ত্রন করা আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ**<br><br>**সিদ্ধান্ত ঃ** এ ব্যাপারে সকলকে পত্র মারফত ও ব্যানার প্রদর্শনের মাধ্যমে প্রচারের নির্দেশনা দেয়া হয়েছে এবং কঠোরভাবে অনুসরণের ব্যবস্থা নেয়া হচ্ছে। দায়িত্বরত গার্ডদের এ ব্যাপারে বিশেষভাবে ব্রিফিং দেয়ার জন্য মেম্বার সিকিউরিটিকে অনুরোধ জানানো হয়।<br><br>২. **বারিধারা ডিওএইচএস পরিষদ এবং বাসিন্দাদের বিভিন্ন তথ্য প্রচার করার জন্য ৩ গেইটে ৩ টি নোটিশ বোর্ড তৈরী করা নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।**<br><br>**সিদ্ধান্ত ঃ** সেক্রেটারী ব্রিগেঃ জেনাঃ শাহ মোঃ মহিউদ্দিন (অবঃ) কর্তৃক উত্থাপিত এই পয়েন্টের উপর আলোচনা শেষে মেম্বার এ্যাডমিনকে সরেজমিনে পরিদর্শন পূর্বক নোটিশ বোর্ড তৈরী ও স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ করা হয়।<br><br>৩. **ফিটনেস সেন্টারের সময়সূচি পরিবর্তন ঃ** সিনিয়র ভাইস প্রেসিডেন্ট ব্রিগেঃ জেনাঃ এম নজীব হাসান, এনডিসি, পিএসসি, জি (অবঃ) অবহিত করেন যে, ফিটনেস সেন্টারের কর্মরত স্টাফগনের ডিউটি ৮ ঘন্টা হলেও ২/৩ ঘন্টা অতিরিক্ত ডিউটি করে থাকে। তাই ফিটনেস সেন্টারের ব্যায়ামের সময়সূচি পরিবর্তন করা প্রয়োজন। ফিটনেস সেন্টার শুক্রবারে সাপ্তাহিক বন্ধ থাকে। ০১ অক্টোবর ২০২৫ হতে শুক্রবারের পরিবর্তে মঙ্গলবার সাপ্তাহিক বন্ধ থাকবে এবং ব্যায়ামের নতুন সময়সূচি হবে সকাল ০৬০০ ঘটিকা হতে ১০০০ ঘটিকা এবং সন্ধ্যা ১৮০০ ঘটিকা হতে রাত ২২০০ ঘটিকা পর্যন্ত। এ ব্যাপারে সিনিয়র ভাইস প্রেসিডেন্টকে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | <br><br><br><br>মেম্বার সিকিউরিটি<br><br><br><br><br>মেম্বার এ্যাডমিন<br><br><br><br><br>কনভেনার, ফিটনেস সেন্টার সাব-কমিটি |
| ৪. **ভাইস প্রেসিডেন্ট কর্নেল মোহাম্মদ ওয়ালী উল্লাহ নিম্নোক্ত পয়েন্টসমূহ উপস্থাপন করেন ঃ**<br><br>ক। বাসিন্দাদের কোন আবেদন এডিআর সাব-কমিটির মাধ্যমে সমাধানের জন্য প্রেরণ করা হলে আবেদনকারীর পরিষদের মাসিক সাবসক্রিপশন পরিশোধ থাকতে হবে। আবেদনকারীর সাবসক্রিপশন বকেয়া থাকলে উক্ত আবেদন কমিটি কর্তৃক গৃহীত হবে না। তবে তাৎক্ষনিক পরিশোধ করা হলে সেটা আমলে নিয়ে সমস্যার সমাধানে কার্যক্রম গ্রহণ করা হবে।<br><br>খ। পরিষদে কর্মরত কর্মচারীগন রক্ষিত নিরাপত্তা জামানত পরিমাণ বা তার বেশী লোন পাওয়ার জন্য দরখাস্ত করে থাকে। এ ব্যাপারে একটি সঠিক নিয়ম থাকা দরকার। দেখা যায় যে, একাধিক ব্যক্তি একবার লোন শোধ করার পরের মাসেই আবার দরখাস্ত করে লোন নিচ্ছে যা বন্ধ করা প্রয়োজন। এ ব্যাপারে ভবিষ্যতে বিশেষ প্রয়োজন ছাড়া লোন প্রদানকে নিরুৎসাহিত করা হবে।<br><br>গ। পরিষদে কর্মরত কর্মচারীগন বিভিন্ন সময়ে আর্থিক ও অসুস্থ্যতার জন্য সাহায্য এবং নানা অসুবিধার দেখিয়ে অনুদানের জন্য আবেদন করে থাকে। দেখা যায় একই ব্যক্তি বারংবার এ ব্যাপারে আবেদন করে। এটা যেন না করতে পারে তার ব্যবস্থা করা। সম্মানিত সদস্যগস সকলে এ ব্যাপারে একমত পোষন করেন।<br><br>ঘ। নতুন নিয়োগকৃত স্টাফ/কর্মচারীদের চাকুরীতে যোগদানের পূর্বে মেডিকেল পরীক্ষা ও পুলিশ ভেরিফিকেশন করা উচিত। বিশেষ করে অফিস স্টাফ ও সিকিউরিটি গার্ডদের ক্ষেত্রে পুলিশ ভেরিফিকেশন বিশেষ বিবেচনায় নেয়া যেতে পারে।<br><br>**সিদ্ধান্ত ঃ** অনুচ্ছেদ- ক, খ ও গ বিবেচনায় নিয়ে একটি সঠিক পদ্ধতি অবলম্বন করার সিদ্ধান্ত গৃহীত হয়। অনুচ্ছেদ-ঘ এর প্রস্তাব অনুযায়ী প্রাথমিক মেডিকেল পরীক্ষা করা হয়ে থাকে যা চালু থাকবে। পুলিশ ভেরিফিকেশনের বিষয়টি পরবর্তী নিয়োগ হতে বিবেচনায় নেয়া যেতে পারে। | <br><br><br><br><br><br><br><br><br><br>সেক্রেটারী ও কনভেনার, নিয়োগ সাব-কমিটি |

| | |
|---|---|
| ৫. **লেক পাড়ে (খাল পাড়) নির্জণ জায়গায় অনেক ছেলে মেয়ে একত্রিত হয়ে গাজা ও নেশাজাত দ্রব্য সেবন করে।**<br><br>**সিদ্ধান্ত ঃ** পেট্রোলে ডিউটি গার্ডরা এগুলি চেক করে তাদেরকে সনাক্ত করবে এবং মেম্বার সিকিউরিটির নিকট রিপোর্ট জমা করবে। পরবর্তীতে এদের ব্যাপারে পদক্ষেপ নেয়ার ব্যবস্থা গ্রহণ করা হবে। | মেম্বার সিকিউরিটি |
| ৬. **দেখা যায় যে, নির্ধারিত সময়ের পূর্বেই নিরাপত্তা প্রহরীরা ডিউটি পোস্ট ত্যাগ করে চলে যায়। বিশেষ করে রাতে ডিউটিরত রোড নং ৬ ও ৮ এর নিরাপত্তা প্রহরীগন রাত ০৪১৫ হতে ০৪৩০ এর মধ্যে পোস্ট ত্যাগ করে।**<br><br>**সিদ্ধান্ত ঃ** কোন নিরাপত্তা প্রহরী নির্ধারিত সময়ের পূর্বে ডিউটি পোস্ট ত্যাগ করবে না। এ ব্যাপারে মেম্বার সিকিউরিটি প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করবেন। | মেম্বার এ্যাডমিন |
| ৭. **বাইপাস সড়ক দিয়ে অনেক মিনি ট্রাক চলাচল করে যা বন্ধ করা প্রয়োজন।**<br><br>**সিদ্ধান্ত ঃ** বাইপাস সড়ক দিয়ে মিনি ট্রাক চলাচল নিরুৎসাহিত করা হলো। শুধুমাত্র আর্মি বাস ও স্কুল বাস চলাচলের অনুমতি থাকবে। বটতলা দিয়ে কোন গাড়ী প্রবেশ করতে দেয়া হবে না। | মেম্বার সিকিউরিটি |
| ৮। স্কুল গেট এর পূর্ব দিকের হাটার পথ (walkway) আরো আলোকিত করা প্রয়োজন। মেম্বার এ্যাডমিন ক্যাপ্টেন এম এম আজিজ, পিএসসি, বিএন (অবঃ) পর্যবেক্ষন পূর্বক প্রয়োজনীয় সংখ্যক এলইডি লাইট লাগানোর ব্যবস্থা করবেন। | মেম্বার এ্যাডমিন |
| ৯। ক্যাপ্টেন এম ওমর ফারুক (জি), পিএসসি, বিএন (অবঃ) উপস্থাপন করেন যে, রোড নং ৮ ও ৯ এর রাস্তায় গাড়ী পার্কিংয়ের বিষয়টির ব্যাপারে পদক্ষেপ নেয়া দরকার। রোডে মোটর সাইকেল পার্কিং সম্পূর্ণ নিষেধ। পেট্রোল ও সিকিউরিটি গার্ডদের এ ব্যাপারে দিক নির্দেশনা দেয়া হবে। | মেম্বার এ্যাডমিন |
| ১০। **রোড নং ০৩ এর ইষ্টার্ণ সাইডে কোন এক বাসিন্দা বাড়ী নির্মাণ কাজ করছেন এবং গাড়ী পার্কিং করে প্রায়শঃই রাস্তা অবরোধ করে রাখেন।**<br><br>**সিদ্ধান্ত ঃ** এ ব্যাপারে মেম্বার সিকিডিরিটি ও মেম্বার এ্যাডমিন এর দৃষ্টি আকর্ষন করা হয়। সরেজমিনে পর্যবেক্ষন পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | মেম্বার সিকিউরিটি ও মেম্বার এ্যাডমিন |
| ১১। **সিনিয়র মুয়াজ্জিন হাফেজ মাওলানা নূর আহম্মাদ এর ব্যাপারে তদন্ত কমিটির রিপোর্ট নিয়ে আলোচনা।**<br><br>**সিদ্ধান্ত ঃ** সিনিয়র মুয়াজ্জিন হাফেজ মাওলানা নূর আহম্মাদ এর ব্যাপারে তদন্ত রিপোর্টের ব্যাপারে সকলকে অবহিত করা হয়। বিস্তারিত আলোচনা শেষে মসজিদের ও মুসল্লিদের মধ্যে সুন্দর পরিবেশ বজায় রাখার লক্ষ্যে হাফেজ মাওলানা নূর আহম্মাদ এর চাকুরী হতে অব্যাহতির বিষয়টি বহাল রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | সেক্রেটারী |
| ১২। ট্রেজারার গ্রুপ ক্যাপ্টেন এস এম এ খালেদ, এনডিইউ, পিএসসি (অবঃ) এসকেএস টাওয়ারের পিক এন্ড পে শপিং মলের গার্বেজ ময়লার দূর্গন্ধ ও পরিবেশ দূষণের বিষয়টি সভায় উপস্থাপন করেন। এ ব্যাপারে ইতিমধ্যে সেনা কল্যাণের সাথে যোগাযোগ হয়েছে। এ ব্যাপারে সেনা কল্যাণ বরাবরে আরেকটি পত্র লেখার সিদ্ধান্ত গৃহীত হয়। | সেক্রেটারী |

| | |
|---|---|
| ১৩। ইমাম ও সিনিয়র মুয়াজ্জিন এর বাসা খালি করার ব্যাপারে আলোচনা করা হয়। আলোচনায় আগামী ৩১ অক্টোবর ২০২৫ তারিখের মধ্যে ইমাম হাফেজ মাওলানা দেলোয়ার হোসেনকে এবং আগামী ১৫ অক্টোবর ২০২৫ তারিখের মধ্যে সিনিয়র মুয়াজ্জিন হাফেজ মাওলানা নূর আহম্মাদকে বাসা খালি করার জন্য পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সেক্রেটারী |
| ১৪। **বারিধারা ডিওএইচএস জামে মসজিদের জন্য আলাদা Mortuary এর বিষয়ে আলোচনা।**<br><br>**<u>সিদ্ধান্ত ঃ</u>** Mortuary করা অধিক ব্যয়বহুল বিধায় এখন করা সম্ভব না। তবে ফান্ড পজিশন যথাযথ হলে তখন বিবেচনা করা হবে। | ইসি সদস্য |
| ১৫। **<u>পিকনিক-২০২৬ ঃ</u>** পিকনিক-২০২৬ উদযাপন উপলক্ষে 'আপন ভূবন পিকনিক স্পট', পূবাইল, গাজীপুর'কে নির্বাচন করা হয়েছে। চলমান দূর্গাপূজার পরে পিকনিক উদযাপন কমিটির একটি সভা আয়োজন করা হবে। উক্ত সভায় খাবার মেন্যু নির্ধারণ করা হবে। পার্টি এন্ড ডিনার এর স্বত্তাধিকারী সার্জেন্ট আবুল হোসেন পিকনিকে খাবার সরবরাহ করবেন। | পিকনিক উদযাপন কমিটি |
| ১৬। **<u>ফিটনেস সেন্টার ঃ</u>** ফিটনেস সেন্টারের বিদ্যমান কাঠামো উপরের দিকে সম্প্রসারণ করা এবং ফ্রিহ্যান্ড ব্যায়ামাগার ফিটনেস সেন্টারের পিছনে নেয়ার ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়। ফিটনেস সেন্টারের দো'তলা পুরুষ সদস্যদের ব্যায়ামের জন্য ব্যবহার করা হবে। নীচতলার অর্ধেকাংশ মহিলা সদস্যদের ব্যায়ামের জন্য এবং অর্ধেকাংশ স্নাক্সস কর্ণার হিসেবে ব্যবহার করার ব্যবস্থা করা হবে। | সেক্রেটারী, কনভেনার, ফিটনেস সেন্টার সাব-কমিটি |
| ১৭। সেনাসদরের নির্দেশনার আলোকে ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক ২৫ সেপ্টেম্বর ২০২৫ তারিখ অত্র ডিওএইচএস এলাকায় অননুমোদিত বিপদজনক ও ঝুকিপূর্ণ ব্যবসা/প্রতিষ্ঠানসমূহ (কারখানা/ফ্যাক্টরী ও গোডাউন) উচ্ছেদ কার্যক্রম পরিচালনা করেন। অভিযানে কয়েকটি অফিসের বৈধ লাইসেন্স না থাকায় এবং ব্যবসার ধরণ সেনানিবাস এলাকার নির্দেশনা বহির্ভুত হওয়ায় জরিমানা করা হয়। উক্ত অভিযানে আর্মি এমপি ইউনিটের সদস্যগন ও অত্র পরিষদ প্রতিনিধিগন প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করেন। এ অভিযানের আগে পূর্বে বাড়ীর মালিকগনকে ব্যবসায়িদেরকে অবহিত না করায় সকলে অসন্তুষ্টি প্রকাশ করেন। এই অসন্তুষ্টির বিষয়টি সিইও'কে জ্ঞাত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সেক্রেটারী |
| ১৮। বারিধারা গেটে মটরযুক্ত রিক্সা প্রবেশ ও পার্কিং নিষেধ এর ব্যাপারে আলোচনা হয়। আলোচনা শেষে বারিধারা গেটে মটরযুক্ত রিক্সা প্রবেশ ও পার্কিং করতে না দেয়ার ব্যাপারে এবং বর্তমান পদ্ধতি চালু রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | মেম্বার সিকিউরিটি |
| ১৯। গুলশান থেকে আসা গাড়ীগুলি সরাসরি অনন্যা গেট দিয়ে বারিধারা ডিওএইচএস এ প্রবেশ করতে চাচ্ছে। গুলশান অভিমুখের যানবাহন চলাচল পূর্বের নিয়মেই ওয়াই জংশন/বাইপাস রোড হয়ে ডিওএইচএস এর প্রবেশ করবে। | মেম্বার সিকিউরিটি |
| ২০। ক্যাপ্টেন এম ওমর ফারুক (জি), পিএসসি, বিএন (অবঃ) ০৯ নং রোডের শিশু পার্কটির সৌন্দর্য্য বর্ধন ও সুবিধা বৃদ্ধির জন্য পয়েন্ট উত্থাপন করেন। উত্থাপিত পয়েন্ট এর ব্যাপারে আলোচনা শেষে ০৯ নং রোডের শিশু পার্কটির সৌন্দর্য্য বর্ধনের এবং শিশুদের খেলাধুলার সুবিধা বৃদ্ধিসহ একটি সুন্দর পরিবেশ তৈরীর লক্ষ্যে মেম্বার এ্যাডমিন ক্যাপ্টেন এম এম আজিজ, পিএসসি, বিএন (অবঃ) প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করবেন। | মেম্বার এ্যাডমিন |
| ২১। মিসেস সাবরিনা মফিজ উত্থাপন করেন যে, ডিওএইচএস এর প্রতিটি রোডের স্থাপিত এক পিলার থেকে অন্য পিলার পর্যন্ত অংশ এবং পিলারের আশেপাশের অংশ নোংরা ও ময়লা আবর্জনা দেখা যায় যা দৃষ্টিকটু এবং অস্বাস্থ্যকর। বিশেষ করে ০৩নং রোডের ২৫৩ নং বাড়ীর সম্মুখে সার্বক্ষনিক ময়লা আবর্জনায় নোংরা থাকে। মেম্বার এ্যাডমিন ক্যাপ্টেন এম এম আজিজ, পিএসসি, বিএন (অবঃ) এ ব্যাপারে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের পরামর্শ প্রদান করা হয়। | মেম্বার এ্যাডমিন |

| | |
|---|---|
| ২২। **স্কুল গেটের সামনে লাইটিংয়ের ব্যবস্থা করা ঃ** অত্র ডিওএইচএস এর প্রবেশ পথে/স্কুল গেট এর সামনে আলোকিত ও সৌন্দর্য্য বৃদ্ধির লক্ষ্যে মেম্বার এ্যাডমিন ক্যাপ্টেন এম এম আজিজ, পিএসসি, বিএন (অবঃ) স্পন্সরের মাধ্যমে প্রয়োজনীয় সংখ্যক লাইট স্থাপনের ব্যবস্থা করবেন। যদি স্পন্সর না পাওয়া যায় তবে পরিষদের ব্যবস্থাপনায় কাজটি সম্পন্ন করবেন। | মেম্বার এ্যাডমিন |
| ২৩। অত্র ডিওএইচএস এর বিভিন্ন বাড়ীর সামনে ও সড়কের পাশে কলা গাছ এবং কচু গাছ অপসারণের জন্য পরিষদ হতে ইতিমধ্যে ৫দিন সময় দিয়ে নোটিশ প্রদান করা হয়েছে। অধিকাংশ মালিকগন এখনও অপসারণ করেনি বিধায় পুনরায় ৪/৫ দিন সময় দিয়ে নোটিশ দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | মেম্বার সিকিউরিটি |
| ২৪। অনন্যা গেট হতে বারিধারা গেট পর্যন্ত সৌন্দর্য্য বর্ধনের জন্য দুই পাশে ফুলের বেড ও লাইটিং করার সিদ্ধান্ত গৃহীত হয়। এ ব্যাপারে মেম্বার এ্যাডমিন ক্যাপ্টেন এম এম আজিজ, পিএসসি, বিএন (অবঃ) কে পরিকল্পনা প্রণয়ন পূর্বক কার্য সম্পাদনের পরামর্শ প্রদান করা হয়। | মেম্বার এ্যাডমিন |
| ২৫। **ফান্ড তৈরী ঃ** প্রেসিডেন্ট উত্থাপন করেন যে, বিভিন্ন উন্নয়ণমূলক কাজে অনেক টাকা খরচ হচ্ছে। সাবসক্রিপশ না বাড়িয়ে কিভাবে ফান্ড জেনারেট করা যায় সে ব্যাপারে সকল সদস্যগনকে বুদ্ধি, পরামর্শ ও আয়ের উৎস খুজে বের করার আহবান জানান। | ইসি সদস্যবৃন্দ |
| ২৬। নির্বাহী কমিটির পরবর্তী সভা আগামী ২১ অক্টোবর ২০২৫ (মঙ্গলবার), সন্ধ্যা ১৯০০ ঘটিকায় অনুষ্ঠানের সিদ্ধান্ত গৃহীত হয়। | সেক্রেটারী |
| **আলোচ্যসূচি - ১৫ ঃ প্রেসিডেন্ট এর সমাপনী বক্তব্য ঃ** সভায় উপস্থিত থাকার জন্য এবং সক্রিয়ভাবে আলোচনায় অংশগ্রহণ করার জন্য প্রেসিডেন্ট নির্বাহী কমিটির সকল সদস্যদেরকে পুনরায় ধন্যবাদ ও শুভ কামনা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন। | |

ব্রিগেঃ জেনাঃ শাহ মোঃ মহিউদ্দিন (অবসরপ্রাপ্ত)
সেক্রেটারী
১১ অক্টোবর ২০২৫

**অনুমোদনক্রমে ঃ-**

কর্নেল এম আব্দুল হাই (অবসরপ্রাপ্ত)
প্রেসিডেন্ট
১১ অক্টোবর ২০২৫

**কার্যক্রম ঃ**

সম্মানিত নির্বাহী কমিটির সদস্যবৃন্দ
হিসাব শাখা
কনভেনশন সেন্টার শাখা